দৈনিক ইত্তেফাক

২৪/১০/২০০৩

তারিখ ...
পৃষ্ঠা ৭ কলাম ৪

# সি প্রো-ভিসি ও সরকারী
# র জন্য চট্টগ্রাম ভার্সিটি
# শিক্ষকদের জোর তদবির

চট্টগ্রাম অফিস ॥ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ভিসি ও প্রো-ভিসি পদে নিয়োগ লাভের জন্য সিনিয়র ও বিএনপি পন্থী শিক্ষকগণের অধিকাংশই ঢাকায় অবস্থান করিতেছেন। বেশ কয়েকজন শিক্ষক আবার দেশের অন্যান্য

(২য় পৃষ্ঠায় ৭-এর কঃ দ্রঃ)

## ভিসি প্রো-ভিসি

(প্রথম পৃষ্ঠার পর)

বিশ্ববিদ্যালয়, সরকারী বিভিন্ন প্রতিষ্ঠানের গুরুত্বপূর্ণ পদ এবং অনেকে আবার বিদেশে বাংলাদেশস্থ মিশনে নিয়োগ পাওয়ার চেষ্টায় ঢাকায় অবস্থান করিতেছেন। শিক্ষকগণ চট্টগ্রামের বিভিন্ন মন্ত্রী, বিএনপি'র রাজনীতির শীর্ষ পদে আসীন ব্যক্তিবর্গের নিকট তদবীর চালাইতেছেন। মন্ত্রাণালয় মন্ত্রী, এমপি ও নেতৃবৃন্দের বাসায় প্রতিনিয়ত কোন না কোন শিক্ষকের পদচারণা চলিতেছে। লোভনীয় এ সকল পদে নিয়োগলাভে শিক্ষকগণ তাহাদের বায়োডাটা মন্ত্রী ও নেতৃবৃন্দের নিকট জমা দিতেছেন। অনেক শিক্ষকের পক্ষে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ছাত্রদলের বেশ কয়েকজন সাবেক ছাত্র নেতা এবং চাকসুতে ছাত্রদলের প্রতিনিধিরাও তদবীর চালাইতেছেন। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের জামায়াত সমর্থিত ২/৩ জন সিনিয়র শিক্ষকও জোটের সরকারের নিকট গুরুত্বপূর্ণ নিয়োগ লাভের যৌক্তিকতা বিভিন্নভাবে উপস্থাপন করিতেছেন বলিয়া জানা যায়। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, ছাত্র ও প্রশাসনের কর্মকর্তাদের মধ্যে প্রতিদিনের মুখ্য আলোচনার বিষয় ঃ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের পরবর্তী ভিসি ও প্রো-ভিসি'র দায়িত্ব কে পাইতেছেন। একটি সূত্র জানায়, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের বর্তমান ভিসি অধ্যাপক ফজলী হোসেন গত কয়েক মাস পূর্বে বিএনপিতে যোগদানকারী ঢাকায় অবস্থানকারী নোয়াখালীর এক বিশিষ্ট ব্যবসায়ীর মাধ্যমে উক্ত পদে থাকিয়া যাওয়ার চেষ্টা চালাইতেছেন।